দৈনিক সংবাদ

তারিখ 24 SEP 1987
পৃষ্ঠা ৮ কলাম ৮

270

## বিভিন্ন কলেজে ছাত্র সংঘর্ষ ঃ তদন্ত চাই

সম্প্রতি ছাত্র সংঘর্ষের ফলে চাঁপাইনবাবগঞ্জের সরকারী কলেজ, সিলেট সরকারী মহাবিদ্যালয়, মুরারীচাঁদ মহাবিদ্যালয়, মদনমোহন মহাবিদ্যালয়, আলিয়া মাদ্রাসা, লালমনিরহাট ডিগ্রী কলেজ, সাতক্ষীরা সরকারী কলেজ ও বরিশাল মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানের সংঘর্ষগুলোতে শতাধিক ছাত্র ও গ্রামবাসী আহত হয়েছে, প্রহৃত হয়েছেন চাঁপাইনবাবগঞ্জ সরকারী কলেজের অধ্যক্ষ। আর উল্লেখিত সংঘর্ষগুলো ঘটেছে মাত্র স্বল্প কয়েক দিনের ব্যবধানে। পত্র-পত্রিকায় প্রকাশিত খবরে দেখা যায়, প্রায় সবগুলো সংঘর্ষের সাথে একটি রাজনৈতিক দলের অঙ্গ সংগঠন ছাত্রদল প্রত্যক্ষভাবে জড়িত।

সম্প্রতি সরকার সমর্থক ছাত্র সমাজ বিলুপ্তি ঘোষণার পর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পরস্পর বিরোধী ছাত্রদলের এ ধরনের সংঘর্ষ ভাবী কোন অশুভ ইঙ্গিত কিনা, তা আমরা জানিনা। তবে একটার পর একটা সংঘর্ষ হচ্ছে। অথচ বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীল ব্যক্তিদের কোন বলিষ্ঠ উদ্যোগ লক্ষ্য করা যাচ্ছে না। সরকার থেকেও এ বিষয়ে নীরবতা লক্ষ্যনীয়। কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করে আপাততঃ হয়তো একটা ব্যবস্থা নিয়েছেন, কিন্তু তাতে বিরাজমান অবস্থায় তেমন কোন আশাপ্রদ ফল লাভ হবে বলে আমাদের মনে হয় না। বরং এ ধরনের ব্যবস্থা গ্রহণ সংঘর্ষকারীদের শক্তি বৃদ্ধিতেই সহায়তা করে বলে আমাদের বিশ্বাস।

আমরা প্রতিটি ঘটনারই সুষ্ঠু তদন্ত ও ত্বরিত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে বন্ধ ঘোষিত শিক্ষা প্রতিষ্ঠানগুলো খুলে দেয়ার অনুরোধ জানাচ্ছি।

মোস্তফা কামাল,
নালিতাবাড়ী, শেরপুর।

## বেসরকারী স্কুল কলেজ মাদ্রাসার শিক্ষকদের আবেদনে সাড়া দিন

চিঠিপত্র কলামে গত ১২-৯-৮৭ ইং তারিখে শিশুরঞ্জন বণিকের (ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, খোয়ালী উচ্চ বালিকা বিদ্যালয়) লিখিত পত্রের জন্য অসংখ্য ধন্যবাদ। আপনার আবেদনটি যথার্থ এবং সময়োপযোগী। এবারের প্রলয়ঙ্করী বন্যায় সারাদেশে জানমালসহ ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এসময় বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের মাসে মাসে বেতন না পেলে স্ত্রী, পুত্র-কন্যা নিয়ে বেঁচে থাকা অত্যন্ত দুর্বিষহ হয়ে পড়বে। বর্তমান দুর্মূল্যের বাজারে সরকারী কর্মচারীদেরকে যেমন ১০%হারে মহার্ঘ ভাতা দেওয়া হচ্ছে তেমনি মানবিক দৃষ্টিকোণ থেকে চিন্তা করে বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদেরকের মহার্ঘ ভাতাসহ মাসওয়ারী বেতন প্রদানের ব্যবস্থা করার জন্য কর্তৃপক্ষের নিকট বিশেষভাবে আবেদন জানাচ্ছি।

অধ্যাপক মোঃ আজিজুর আলী,
ব্যবস্থাপনা বিভাগ,
মাটিভাংগা মহাবিদ্যালয়,
পিরোজপুর।